খামবাংলাদেশ

09 JUN 2008

ব্র্যাক প্রাথমিক বিদ্যালয়ের নিয়ন্ত্রণ নয়, শিক্ষার মান উন্নয়ন করবে

ব্র্যাক বিশ্বাস করে, মানসম্মত অবৈতনিক প্রাথমিক শিক্ষা নিশ্চিত করা রাষ্ট্রের দায়িত্ব। ব্র্যাক প্রাথমিক শিক্ষার বেসরকারিকরণ কিংবা বাণিজ্যিকীকরণে বিশ্বাস করে না। সম্প্রতি দেশের নয়টি জেলার ২০টি উপজেলায় প্রাথমিক শিক্ষার মান উন্নয়নের লক্ষ্যে সরকারের সঙ্গে যৌথভাবে ব্র্যাক যে



পাইলট প্রকল্প হাতে নিয়েছে, সে বিষয়ে পত্রপত্রিকাগুলোয় নানা সংবাদ প্রকাশিত হয়েছে। এসব সংবাদের পরিপ্রেক্ষিতে আমাদের সুস্পষ্ট বক্তব্য হচ্ছে, দেশের ২০টি উপজেলায় সরকারি ও রেজিস্টার্ড বেসরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষার গুণগত মান উন্নয়নের লক্ষ্যে সরকার ও ব্র্যাকের যৌথ উদ্যোগে এ কর্মসূচি পরিচালিত হবে। এসব বিদ্যালয়ের কোনো প্রকার নিয়ন্ত্রণের দায়িত্ব সরকার ব্র্যাকের ওপর অর্পণ করেনি।

মানসম্মত প্রাথমিক শিক্ষা নিশ্চিতকরণের লক্ষ্যে সরকারি ও রেজিস্টার্ড বেসরকারি প্রাথমিক বিদ্যালয়ে শিক্ষার্থীদের উপস্থিতির নিম্নহারের প্রভূত উন্নতিসাধন, শিক্ষার্থীদের উচ্চ স্বরে পড়ার হার সীমিতকরণ, প্রাথমিক শিক্ষা সমাপনের হার ৮০ শতাংশের ঊর্ধ্বে উন্নীতকরণ এবং সর্বোপরি শিক্ষার্থীদের শিখনমান উন্নয়নের লক্ষ্যে এ পাইলট কর্মসূচি হাতে নেয়া হয়েছে। এ প্রকল্পের আওতায় যেসব কর্মকাণ্ড পরিচালিত হবে সেগুলো হচ্ছে শিক্ষকদের পেশাগত প্রশিক্ষণ, অভিভাবক সভা অনুষ্ঠান, বিদ্যালয় ব্যবস্থাপনা কমিটিকে সক্রিয়করণ, বিদ্যালয়ের প্রধান শিক্ষকের নেতৃত্বে সব শিক্ষককে নিয়ে পাক্ষিক পর্যালোচনা সভার আয়োজন ইত্যাদি। বস্তুত ওই পাইলট কর্মসূচির আওতাধীন স্কুলগুলোর শিক্ষকদের ওতপ্রোতভাবে সম্পৃক্ত করেই যাবতীয় কর্মকাণ্ড পরিচালিত হবে। উল্লেখ্য, বিগত তিন বছরে ব্র্যাক দেশের শেরপুর জেলার ছয়টি উপজেলায় সরকারি ও রেজিস্টার্ড বেসরকারি প্রাথমিক বিদ্যালয়ে সফলভাবে ওই কর্মকাণ্ড পরিচালনা করেছে। এরই ধারাবাহিকতায় দেশের ২০টি উপজেলায় বর্তমান পাইলট প্রকল্প হাতে নেয়া হয়েছে।

স্বাধীনতা-উত্তর বাংলাদেশে ১৯৭২ সালে, উন্নয়নমূলক কর্মকাণ্ড শুরু করে ব্র্যাক আজ পৃথিবীর সর্ববৃহৎ বেসরকারি উন্নয়ন সংস্থা হিসেবে বিশ্ব মানচিত্রে এক গৌরবোজ্জ্বল স্থান করে নিয়েছে। বস্তুত শিক্ষা, স্বাস্থ্য, নারীর ক্ষমতায়ন, দারিদ্র্য বিমোচনসহ উন্নয়ন কর্মকাণ্ডের সর্বক্ষেত্রে ব্র্যাকের অবদান আজ বিশ্বব্যাপী স্বীকৃত। বিশেষত, ব্র্যাকের শিক্ষা কর্মসূচি দেশের মানবসম্পদ উন্নয়ন ও বিকাশে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে। ব্র্যাকের অনানুষ্ঠানিক প্রাথমিক শিক্ষা কর্মসূচি আনুষ্ঠানিক শিক্ষা ব্যবস্থার পরিপূরক হিসেবে ১৯৮৫ সাল থেকে কাজ করে আসছে। বর্তমানে ব্র্যাক ১২ লাখ দরিদ্র শিক্ষার্থী নিয়ে ৩৭ হাজার ৫০০ প্রাথমিক বিদ্যালয় পরিচালনা করছে। বিদ্যালয়ে যাওয়ার সুযোগবঞ্চিত এবং ঝরে পড়া দরিদ্র শিশুদের জন্য এসব বিদ্যালয় পরিচালিত হচ্ছে। ব্র্যাক পরিচালিত বিদ্যালয় থেকে এ পর্যন্ত মোট ৩৮ লাখ শিশু প্রাথমিক শিক্ষা সম্পন্ন করেছে। এদের মধ্যে ৯০ ভাগের বেশি শিক্ষার্থী মাধ্যমিক বিদ্যালয়ে ভর্তি হয়েছে। উল্লেখ্য, ২০০৭-এর উপজেলা প্রশাসন গৃহীত পঞ্চম শ্রেণীর বার্ষিক সমাপনী পরীক্ষায় ব্র্যাক স্কুলের শিক্ষার্থীদের পাসের হার ৯৫ ভাগের বেশি।

আমরা আশা করি, ওই পাইলট কর্মসূচি থেকে যে অভিজ্ঞতা ও দক্ষতা অর্জিত হবে, তা বাংলাদেশের সামগ্রিক প্রাথমিক শিক্ষা ব্যবস্থার মান উন্নয়নে বিশেষভাবে সহায়ক হবে।

এম আনোয়ারুল হক
পরিচালক, ব্র্যাক প্রাথমিক অ্যাকেডমি অ্যান্ড কমিউনিকেশন্স